# এপ্রিল/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ সোলায়মান হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেওয়ানগঞ্জ, জামালপুর।
স্হান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ ও সময় ঃ ১৮/৪/২০২২ খ্রি.। সকাল-১১-০০ ঘটিকা।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-'ক')।

উপস্হিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্হাপন করা হয়, কোনরুপ সংশোধনী না থাকায় দৃঢ়ীকরণ করা হয়। অতপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১) | কৃষি বিভাগ ঃ<br>উপজেলা কৃষি অফিসার জানান যে, চলতি বছর ৯১২৭ হেঃ জমিতে বোরো ধান আবাদের লক্ষ্য মাত্রা নির্ধারণ করা হলেও চুড়ান্তভাবে ৯১৮৫ হেঃ জমিতে বোরো আবাদ সম্পন্ন হয়েছে। এর মধ্যে হাইব্রিড-৩৭৫০ হেঃ, উফশী-৫৪০৫ হেঃ এবং স্থানীয়-৩০ হেঃ। বোরো ফসলের অবস্থা ভালো। লক্ষ্যমাত্রা ৫১০০ হেঃ হলেও ৫৩০০ হেঃ জমিতে ভূট্টা আবাদ হয়েছে। ভূট্টার কর্তন ইতোমধ্যেই শুরু হয়েছে। ফলন খুবই ভালো হয়েছে। আউশ আবাদ বৃদ্ধির জন্য পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম শুরু হয়েছে। কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় ৬৮০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে উফশী আউশ ধানের বীজ এবং রাসায়নিক সর বিতরণ করা হয়েছে। গত ১৪ এপ্রিল ২০২২ খ্রি. জনাব আবুল কালাম আজাদ, মাননীয় এমপি মহোদয়, জামালপুর-১ মহোদয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রণোদনার উপকরণ বিতরণের শুভ উদ্বোধন করেন। অন্যান্য মাঠ ফসলের অবস্থা ভালো এবং ফলন ভালো হয়েছে। কৃষকদের সাথে মাঠ পর্যায়ে ব্যক্তিগত যোগাযোগ, উঠান বৈঠক, গ্রুপ ভিত্তিক আলোচনা, মাঠ দিবসসহ উদ্বুদ্ধকরণ কার্যক্রম চলমান রয়েছে। উপজেলায় বীজ ও রাসায়নিক সারের কোন সংকট নেই। অন্যান্য বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | মাঠ পর্যায়ে কৃষকদের পাশে থেকে সঠিক দিকনির্দেশনা ও পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০২) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নতুন ডা. যোগদানের পর রোগীদের মাঝে পর্যাপ্ত সেবা প্রদান কার্যক্রম বেগবান হয়েছে। ইনডোর ও আউটডোরে ডা. রয়েছেন। কোভিড-১৯ রোধকল্পে বুস্টার ডোজ টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। ৩য় ও ৪র্থ শ্রেণি কর্মচারী না থাকার কারণে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কার্যক্রম ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। পরিচ্ছন্নতা কর্মী না থাকার কারণে ময়লা আবর্জনা পরিষ্কার কার্যক্রম অসুবিধার সৃষ্টি হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৩) | উপজেলা প্রকৌশল দপ্তর ঃ<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,<br>০১। অত্র দেওয়ানগঞ্জ উপজেলার বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ২০২১-২০২২ অর্থবছরের বাছাই কমিটির মাধ্যমে নির্বাচিত পিআইসি এবং টেন্ডার এর মাধ্যমে অনুমোদিত ঠিকাদারের কাজ বাস্তবায়নাধীন রয়েছে।<br>০২। পাররামরামপুর ইউপি (মিয়া বাড়ী আর এইচডি) থেকে পাথরের চর বাজার সড়কের ক্ষতিগ্রস্থ অংশে ব্যাটস ফিলিং বাবদ =৩,৩১,৫০০/- (তিন লক্ষ একত্রিশ হাজার পাঁচশত) টাকা। যা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ০১। ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) আওতায় পিআইসি, টেন্ডার, রাজস্ব খাত টেন্ডার এবং রাজস্ব খাত RFQ এর মাধ্যমে স্কীমসমুহ অনুমোদিত ঠিকাদারের কাজ দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। উল্লিখিত সড়কের ক্ষতিগ্রস্থ অংশে ব্যাটস ফিলিং বাবদ =৩,৩১,৫০০/- (তিন লক্ষ একত্রিশ হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |
| ০৪) | জনস্বাস্হ্য প্রকৌশল দপ্তর ঃ<br>সহকারী প্রকৌশলী, জনস্বাস্হ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, সমগ্র বাংলাদেশে নলকূপ খনন প্রকল্পের আওতায় বরাদ্দকৃত নলকূপগুলোর কাজ শুরু হয়েছে। ইতোমধ্যেই বরাদ্দ মোতাবেক ইউনিয়ন ওয়ারী স্থান তালিকা নির্বাচনের কাজ শেষ হয়েছে। খুব শীঘ্রই খনন কাজ শুরু হবে। মুজিব বর্ষে নির্মিয়মান আশ্রয়ন প্রকল্পের আওতায় বরাদ্দকৃত নলকূপের খনন কাজ ইতোমধ্যেই সমাপ্ত হয়েছে। ৯০০০ টি নলকূপের আর্সেনিক স্ক্রিনিং কাজ শেষ হয়েছে। তিনি আরও জানান যে, দেওয়ানগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয়ে শতবর্ষ উদযাপন উপলক্ষে, উদযাপন কমিটির সম্মানিত সদস্য সচিবের আবেদনের প্রেক্ষিতে উক্ত অনুষ্ঠানে পানি সরবরাহ ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা করেন। এছাড়াও **Wash Block** সহ অন্যান্য দপ্তরীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | আলোচনাক্রমে সহকারী প্রকৌশলী জনস্বাস্হ্য প্রকৌশলকে উক্ত অনুষ্ঠানে পানি সরবরাহ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্হ্য প্রকৌশল অফিস |
| ০৫) | উপজেলা সমাজসেবা অফিস ঃ<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে,<br>০১। ২০২১-২০২২ অর্থবছরে অতিরিক্ত বয়স্ক ভাতা ১১০০ জনের বরাদ্দ এসেছে। সেই বরাদ্দ অনুযায়ী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের তালিকা অনুযায়ী কাজ চলছে।<br>০২। প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তির কাজ প্রায় সমাপ্তির পথে।<br>০৩। হিজরাদের জীবনমান উন্নয়নের জন্য আগামী মাসে প্রশিক্ষণ দেয়ার ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>০৪। চলতি মাসে মোট ০৮ জনকে আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে।<br>০৫। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | সমাজসেবা বিভাগের ভাতাভোগীর কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার। |
| ০৬) | উপজেলা সমবায় অফিস ঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান যে, | অডিট কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | ০১। অত্র উপজেলার সমবায় সমিতিগুলোর ২০২০-২০২১ সনের বার্ষিক অডিট লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পাদন হচ্ছে।<br>০২। সমবায় সমিতিগুলোর পরিদর্শন, তদারকি এবং পরিচর্যা কার্যক্রম যথাযথভাবে চলছে।<br>০৩। আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এ বিষয়ে সহযোগিতা প্রয়োজন।<br>০৪। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৭) | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ঃ<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান,<br>০১। অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর ২০২১-২০২২ অর্থবছরের ১ম পর্যায়ের কাজ ইতোমধ্যেই সম্পন্ন হয়েছে। উপকারভোগীদের শ্রম মজুরী বাবদ বিল ডাংধরা ও চুকাইবাড়ী ইউনিয়নের ২০ দিন, বাহাদুরাবাদ, চিকাজানী, দেওয়ানগঞ্জ, হাতীভাংগা ও চরআমখাওয়া ইউনিয়নের ০৫ দিনের শ্রম মজুরী বাবদ বিল উপকারভোগীদের মোবাইল একাউন্টে স্থানান্তরিত হয়েছে। অবশিষ্ট ৩৫ দিন ও ২০ দিনের বিলের জন্য অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। যা প্রক্রিয়াধীন রয়েছে।<br>০২। পবিত্র ঈদ উল ফিতর/২২ উপলক্ষ্যে দুস্থ ও অতি দরিদ্র পরিবারের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর উপহার ভিজিএফ ১০ কেজি হারে চাউল বিতরণের জন্য অত্র উপজেলায় মোট ৪৬,৮২২ জন উপকারভোগীর বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত উপকারভোগীর সংখ্যা ইতোমধ্যে ইউনিয়নওয়ারী উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে। ইউনিয়ন কমিটি হতে ভিজিএফ এর তালিকা প্রাপ্তি সাপেক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বরাবর সরবরাহ আদেশ প্রদান করা হবে। বরাদ্দপত্রের নির্দেশনা অনুযায়ী ২৮/৪/২০২২ খ্রি. তারিখের মধ্যে ভিজিএফ বিতরণ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।<br>০৩। উপজেলা পরিষদ ওয়ারী টি আর ২য় পর্যায় এর প্রকল্প তালিকা জেলা কর্ণধার কমিটিতে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে।<br>০৪। নদী ভাংগনে ক্ষতিগ্রস্থ পরিবারের মাঝে ৩০ কেজি হারে চাউল বিতরণের জন্য চুকাইবাড়ী ৪৮, চিকাজানী ১৬০ টি, বাহাদুরাবাদ ২০ টি, চরআমখাওয়া ইউনিয়নে ০৫ টি পরিবারের চাউল সরবরাহ আদেশ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান বরাবর প্রেরণ করা হয়। উত্তোলিত চাউল সংশ্লিষ্ট ইউনিয়নের ট্যাগ অফিসারের উপস্থিতিতে বিতরণপূর্বক মাষ্টাররোল দাখিলের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।<br>০৫। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) আওতায় চরআমখাওয় ইউনিয়নে ৫৪০ মি. বাহাদুরাবাদ ইউনিয়নে ৫৪০ মি. এবং চিকাজানী ইউনিয়নে ১০০০ মি. এইচবিবি রাস্তার কাজ চলমান রয়েছে। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে প্রকল্পের কাজ তদারকির জন্য অনুরেধ করা হয়।<br>০৬। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) আওতায় চরআমখাওয়া ইউনিয়নে ০১ (এক) টি, চিকাজানী ইউনিয়নে ০১ (এক) টি, বাহাদুরাবাদ ইউনিয়নে ০১ (এক) টি, হাতীভাংগা ইউনিয়নে ০১ (এক) টি এবং ডাংধরা ইউনিয়নে ০১ টি ব্রীজের কাজ চলমান আছে। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে প্রকল্পের কাজের ব্যাপারে ঠিকাদারকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। | টি আর, কাবিখাসহ সকল কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৮) | উপজেলা শিক্ষা অফিস ঃ<br>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, গত ০২/৩/২০২২ খ্রি. তারিখ হতে প্রাথমিক বিদ্যালয়সমূহ পুনরায় পাঠদান কার্যক্রম চালু হয়েছে। স্বাস্থ্যবিধি মেনে ক্লাশ রুটিন এবং বিষয় ভিত্তিক পাঠ পরিকল্পনা অনুযায়ী শ্রেণি পাঠদান পরিচালিত হচ্ছে। বিদ্যালয় খোলার প্রথম দিকে ছাত্র/ছাত্রীদের উপস্থিতি হার খুব কম ছিল। পরবর্তীতে সম্মানীত উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং প্রধান শিক্ষকদের সমন্বয়ে মত বিনিময় সভার পর হতে অভিভাবকদের উদ্বুদ্ধ করার জন্য মা সমাবেশ, অভিভাবক সমাবেশ এবং হোম ভিজিট করার ফলে উপস্থিতির হার কিছুটা বৃদ্ধি পেয়েছে। বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী উপস্থিতি বৃদ্ধির নিমিত্ত অভিভাবকদের উদ্বুদ্ধ করার জন্য সম্মানীত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। স্লীপ মেরামত/সংস্কার কাজ চলমান রয়েছে। অধিদপ্তরের চাহিত সীমানা প্রাচীর নির্মাণের জন্য তালিকা উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছে। সহকারি উপজেলা শিক্ষা অফিসার এবং উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক বিদ্যালয় পরিদর্শন কার্যক্রম চলমান আছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | শিক্ষা বিভাগের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের এবং বিদ্যালয়ে ছাত্র/ছাত্রী উপস্থিতির হার বৃদ্ধির লক্ষ্যে সম্মানীত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণসহ সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ০৯) | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, শিক্ষা প্রতিষ্ঠান ২০ এপ্রিল ২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ক্লাস চলবে। শ্রেণী কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ১৯ এপ্রিল সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা উপজেলা পর্যায় অনুষ্ঠিত হবে। তাছাড়া ডিগ্রী পরীক্ষা, মাদ্রাসার অনার্স ও ফাজিল পরীক্ষা চলমান আছে। নকলমুক্ত শান্তিপূর্ন পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। বিদ্যালয়ে শিক্ষার্থীদের নিরাপত্তা বিধান, বাল্যবিবাহ প্রতিরোধ এবং মাদক দ্রব্য প্রতিরোধ বিষয়ে শিক্ষকদের কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করা হচ্ছে। বাল্য বিবাহ যেন না হয় শিক্ষকগণ এ বিষয়ে সচেষ্ট আছেন। তাছাড়া ২০২২ সালের এসএসসি ফরম পূরণ শুরু হয়েছে। ২৫/৪/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ফরমপূরণ চলবে। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম ভালোভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে বিদ্যালয় কার্যক্রম সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০) | পরিবার পরিকল্পনা বিভাগ ঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, মার্চ/২২ মাসে মোট সক্ষম দম্পতি ৬০২৪৫ জন, মোট গ্রহণকারী ৪৮৪০৫ জন। পদ্ধতি গ্রহণকারীর হার ৮০.৩৫%। আইইউডি-১২ জন, স্থায়ী পদ্ধতি-০৮ জন মহিলা, ইমপ্লান্ট-৯৪ জন। বিতরণ ঃ খাবার বড়ি সুখি ৯৯০৬ পিস, আপন-২৮০ চক্র, কনডম-১৫২৮৬ পিস, ইনজেকশন-২২১৯ ভায়াল। গর্ভকালীন সেবা প্রদান ১১৭২ জন, প্রসব পরবর্তী সেবা প্রদান ২৬২ জন, নবজাতকের সেবা প্রদান ২৬২ জন, প্রাতিষ্ঠানিক ডেলিভারী ৬০ জন এবং কিশোর/কিশোরী সেবা ২৭১১ জন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | পরিবার পরিকল্পনা বিভাগের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ১১) | উপজেলা প্রাণিসম্পদ অফিস ঃ<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে জানান যে,<br>০১। এই মাসে কৃত্রিম প্রজনন ৭৮৮ টি, সংকর জাতের বাছুর ২৫৪ টি উৎপন্ন। টিকা প্রদান, গবাদিপশু ১০৪৮ টি, হাঁসমুরগী ১৬৬০০ টি, চিকিৎসা, গবাদিপশু ২৫৯২ টি, হাঁসমুরগী ২০৪১৪ টি, পোষা প্রাণি-০২ টি ।<br>০২। ফ্রিভেটেরিনারি ক্যাম্প -০১ টি, খামারী প্রশিক্ষণ-৩৪৪ জন, খামার পরিদর্শন-০১ টি, মোবাইল কোর্ট পরিচালনা -০১ টি।<br>০৩। উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল দেওয়ানগঞ্জ এর ব্যবহার অনুপযোগী সরকারি ভবন (পুরাতন টিভিডি ও কৃত্রিম প্রজনন ভবন) নিলামে বিক্রয়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা করা হয়।<br>০৪। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | প্রাণিসম্পদ বিভাগের উল্লিখিত সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের এবং উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল দেওয়ানগঞ্জ এর ব্যবহার অনুপযোগী সরকারি ভবন (পুরাতন টিভিডি ও কৃত্রিম প্রজনন ভবন) নিলামে বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ১২) | উপজেলা মৎস্য বিভাগ ঃ<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জাটকা নিধন প্রতিরোধ কার্যক্রম চলমান আছে। নিয়মিত যমুনা নদী এবং মৎস্য বাজার পরিদর্শন করা হচ্ছে। রমজানে মাছের বাজার দর এবং সরবরাহ স্বাভাবিক রয়েছে। অন্যান্য দপ্তরীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | মৎস্য দপ্তরের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ১৩) | উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে,<br>আত্নকর্মসংস্থান ঋণ কর্মসূচী ঃ<br>উপকারভোগীর সংখ্যা-৯৫৮ জন। ঋন সংখ্যা-১৬২১ জন। চলতি অর্থবছরে ২৯ জন সদস্যের মাঝে ঋণ বিতরন=১৯,৬০,০০০/- টাকা। কার্যক্রম শুরু হতে এ পর্যন্ত ক্রমপুঞ্জিত ঋণ বিতরন=৩,২৬,৮৫,৮০০/- টাকা। চলতি মাসে আদায়যোগ্য =২,৪৫,২৫০/- ও চলতি মাসে আদায়কৃত =২,০৬০,৫০/-। চলতি মাসে আদায়ের শতকরা হার ৮৪%। ক্রমপুঞ্জিত আদায়যোগ্য=২,৮৭,৭০,৮৩২/-। ক্রমপুঞ্জিত আদায় =২,৬৩,৫৮,৪৪৩/-। আদায়ের শতকরা হার ৯২%। খেলাপী টাকার পরিমান=১৬,৭৯,৯৬৭/- টাকা।<br>পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচী-<br>চলতি অর্থবছরের বিতরণ- ৪,৮০,০০০/- ক্রমপুঞ্জিত আদায়ের শতকরা হার- ৮৬ %<br>উপকারভোগীর সংখ্যা- ২৭৫ জন<br>ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ঘূর্ণায়মান- ২৯,৮০,০০০/-<br>চলতি মাসে আদায়যোগ্য- ৪৮,০০০/-<br>চলতি মাসে আদায়কৃত- নাই<br>চলতি মাসে আদায়ের শতকরা হার- ০০%<br>ক্রমপুঞ্জিত আদায়যোগ্য- ২৪,৪২,৪০০/-<br>ক্রমপুঞ্জিত আদায়কৃত- ২০,৩২,৩৬০/-<br>ক্রমপুঞ্জিত আদায়ের শতকরা হার- ৮৩%<br>প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্প-<br>চলতি অর্থবছরে বিতরণ- নাই<br>উপকারভোগীর সংখ্যা-১৮ জন<br>ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ-৮,২০,০০০/- (আট লক্ষ বিশ হাজার) টাকা<br>চলতি মাসে আদায়যোগ্য ০০/- এবং চলতি মাসে আদায়কৃত-০০/-<br>চলতি মাসে আদায়ের শতকরা হার ০০%<br>আদায়যোগ্য টাকার পরিমান-৮,২০,০০০/-<br>ক্রমপুঞ্জিত আদায়কৃত টাকার পরিমান-৬,৭৩,৩৪১/-<br>আদায়ের শতকরা হার-৮২%<br>অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ-<br>চলতি অর্থবছরের অগ্রগতি-পুরুষ-৬৯ জন ক্রমপুঞ্জিত অগ্রগতি- পুরুষ- ২৮১৯ জন<br>মহিলা-৩২১ জন মহিলা-৪৪১৫ জন<br>মোট- ৩৯০ জন মোট- ৭২৩৪ জন<br>আত্নকর্মী সৃজন- পুরুষ- ২৬১ জন তালিকাভূক্ত যুব সংগঠনের সংখ্যা- ২৭ টি<br>মহিলা- ১৬৪ জন সক্রিয় যুব সংগঠনের সংখ্যা- ০৮ টি<br>মোট- ৪২৫ জন<br>সকল বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | ঋণ প্রদান ও আদায় কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৪) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার অফিস ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে অবহিত করেন যে,<br>০১। ক্ষুদ্রঋণ আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>০২। IGA ফ্যাশন ডিজাইন এবং বিউটিফিকেশনের ৩৪ এবং ১৫ তম ব্যাচের প্রশিক্ষণার্থী বাছাই কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>০৩। সেলাই প্রশিক্ষণের প্রশিক্ষণার্থী বাছাই হয়েছে।<br>০৪। KKC কিশোর কিশোরী ক্লাবের আবৃত্তির শূন্যপদের প্রশিক্ষক নিয়োগ কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>০৫। মা ও শিশু সহায়তা কার্যক্রমের পৌরসভার উপকারভোগীর আবেদন অনলাইনে সম্পন্ন হয়েছে।<br>০৬। অন্যান্য দপ্তরীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | মহিলা বিষয়ক অফিসের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ১৫) | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে,<br>০১। মেয়াদীত্তীর্ণ খেলাপী ঋণ আদায় ০.৪০ টাকা<br>০২। একজন বীর মুক্তিযোদ্ধাকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ঋণ সহায়তা প্রদান করা হয়েছে। | খেলাপী ঋণ আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৬) | উপজেলা বন বিভাগ ঃ<br>উপজেলা বন কর্মকর্তা সভায় অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় ২০২১-২০২২ অর্থবছরে বন বিভাগ কর্তৃক বাহাদুরাবাদ ইউনিয়নের পোল্যাকান্দি ব্রীজের উত্তর পাশে পাকা রাস্তা হতে চরপোল্যাকান্দি মসজিদ পর্যন্ত ও পোল্যাকান্দি ব্রীজ সংলগ্ন কবরস্থান হতে পূর্ব দিকে ৩ সিডলিং কি. মি. স্ট্রীপ বাগান সৃজন করন বিষয়ে অবহিত করেন। | উল্লিখিত স্থানে বাগান সৃজন কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৭) | ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক<br>০১। মার্চ/২২ মাসের মোট ঋণ আদায় =৬৭.২৮ লক্ষ টাকা।<br>০২। মার্চ/২২ মাসের মোট ঋণ বিতরণ =৫৬.২৫ লক্ষ টাকা।<br>০৭ দিন ব্যাপী ০৯ জন অডিটর গত সপ্তাহে অডিট করেছেন। অডিটে কোন আর্থিক আপত্তি নেই।<br>০২। অন্যান্য বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ম্যানেজার পল্লী সঞ্চয় ব্যাংক |
| ১৮) | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা ঃ<br>ক্ষুদ্র ঋন অগ্রগতি ঃ<br>০১) ক) মোট সদস্য- ৪৩৭৩ জন<br>গ) মোট ঋন বিতরণ- ৬৮,৭১,০০০/-<br>ঘ) মোট ঋন আদায়- ৬৯,২৮,০০০/-<br>ঙ) মোট সঞ্চয় আদায়- ৯,৪৪,০০০/-<br>চ) ঋন আদায় হার- ৯৮%<br>০২) ব্যবসায়ী ঋন- সেলপ<br>ক) মোট উদ্যোক্তা সংখ্যা- ৭৫ জন<br>খ) মোট ঋণ বিতরণ- ৮,০০,০০০/-<br>গ) মোট ঋণ আদায়- ৯,৯৮,৯৫৫/-<br>ঘ) আদায় হার- ৯৯%<br>ঙ) সয়ম্ভরতার হার- ১১০% | ঋণ আদায় ও প্রদান কার্যক্রম ভালোভাবে বাস্তাবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ১৯) | এজিএম পল্লী বিদ্যুৎ ঃ<br>এজিএম পল্লী বিদ্যুৎ জানান যে, অত্র উপজেলায় বিদ্যুতের চাহিদা ১০ মে. ও.। সরবরাহ ৫ মে. ও. (গ্রীহ হতে বরাদ্দ)।<br>**GS** — ক্ষমতা — উৎপাদন — কারণ<br>**RPCL** — ২১০ মে. ও. — ১৩০-১৪০ মে. ও. — গ্যাস স্বল্পতা<br>**United Power** — ৩৯৫ — ২৭০-৩০০ — রক্ষণা-বেক্ষণ কাজ চলমান<br>শিকদার গ্রুপ — ১০০ — ০ — বন্ধ<br>**Powerpac** — - — - — -<br>বকেয়া বিদ্যুৎ বিল ঃ পৌরসভা-১১,১৩,১০৭/- , সকল সরকারি অফিস-২৬,১৩,৪০৭/-<br>অন্যান্য বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | পল্লী বিদ্যুৎ বিভাগের সকল কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/<br>উপজেলা নির্বাহী অফিসার/ এজিএম পল্লী বিদ্যুৎ |
| ২০) | ষ্টেশন মাষ্টার, দেওয়ানগঞ্জ ঃ<br>ষ্টেশন মাষ্টার, দেওয়ানগঞ্জ সভাস্থ সকলকে ছালাম জানান। আসন্ন পবিত্র ঈদ উল ফিতর/২২ ভালেভাবে উদযাপনের লক্ষ্যে জনগণ বিভিন্ন জায়গায় ট্রেনের মাধ্যমে ভ্রমনের নিমিত্ত প্রয়োজন অনুযায়ী টিকিট সংগ্রহ করতে পারছেন। ৫০% টিকিট কাউন্টার এবং ৫০% টিকেট অনলাইনের মাধ্যমে জনসাধারণ ক্রয় করতে পারবেন। যে দিন ট্রেনের টিকিট প্রদান করা হয় ১৬ ঘন্টা টিকেট কাউন্টারে রাখা হয়। সকল ট্রেন যথাসময়ে চলাচল করছে। যাত্রীরা সুন্দর পরিবেশে ট্রেন ভ্রমন করছেন। বিভাগীয় সকল কার্যক্রম ভালোভাবে চলছে। | দেওয়ানগঞ্জ ষ্টেশনের সকল কার্যক্রম ভালোভাবে সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ষ্টেশন মাষ্টার |
| ২১) | ফায়ার সার্ভিস, দেওয়ানগঞ্জ ঃ<br>ফায়ার সার্ভিস, দেওয়ানগঞ্জ জানান যে, তাঁদের সকল কার্যক্রম ভালোভাবে চলমান রয়েছে। যে কোন জায়গা থেকে কখনও যদি আগুন লাগার খবর আসে বা যে কোন দুর্ঘটনার খবর পাওয়র সাথে সাথে ঘটনাস্থলে গিয়ে দুর্ঘটনারোধ কল্পে সকল কার্যক্রম সম্পাদন করা হয়। সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। | ফায়ার সার্ভিস, দেওয়ানগঞ্জ এর সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২২) | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ঃ<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, অত্র দপ্তরের ধান, চাউল ও গমের মজুদ নিম্নরূপ ঃ<br>০১। চাউল- আমন সিদ্ধ-৬৬৬.৫৯০ মে. টন, আমন পুষ্টি-৩৩৪.৪৭০ মে. টন, আমদানীকৃত-২৩৯.৭১৬ মে. টন, বোরো/২১-২৮৩.৮১১ মে. টন<br>০২। ধান- নাই<br>০৩। গম- ৫.৩৮৭ মে. টন<br>এছাড়া মার্চ/২২ মাসে খাদ্য বান্ধব কার্যক্রম শুরু হয়েছে। পাশাপাশি পৌরসভায় OMS কার্যক্রমও চলমান রয়েছে। ৪০০০ পারিবারিক সাইলো বিতরণ কার্যক্রম গত ফেব্রুয়ারি/২২ মাসে সম্পন্ন হয়েছে। | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |

| | | | |
|---|---|---|---|
| ২৩) | উপজেলা পাট বিভাগ ঃ<br>উপজেলা পাট কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। পাটের বাজর দর যেমন- সাদা পাট ৩,০০০/- (তিন হাজার) টাকা, তোষা পাট ৩,৩০০/- (তিন হাজার তিনশত) টাকা। অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় ৩০০০ জন পাট চাষী রয়েছেন। পাট চাষীগণকে বিনামূল্যে পাট বীজ, সার ও কীটনাশক প্রদান করা হয়েছে। চলতি মাসে আরও পাট বীজ সংগ্রহ ও পাটচাষীগণের মাঝে সরবরাহ করা হবে। | পাট বিভাগের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা পাট কর্মকর্তা |
| ২৪) | উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) ঃ<br>উপজেলা তথ্যসেবা কর্মকর্তা জানান যে, মার্চ/২২ মাসে ০৪ টি উঠান বৈঠকের বরাদ্দ পাওয়া গেছে। উঠান বৈঠকে প্রশিক্ষণার্থী-৫০ জন, সম্মানীভাতা-১০০/- (একশত) টাকা। এছাড়া তথ্যকেন্দ্র হতে বিনামূল্যে বিভিন্ন আবেদন, রেজিস্ট্রেশন কাজ সম্পন্ন করা হয়। সকল ইউপি চেয়ারম্যানগণকে মহিলাদেরকে তাদের প্রয়োজন অনুযায়ী তথ্যআপা অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হয়। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তথ্য কেন্দ্র, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) এর সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৫) | চেয়ারম্যান ডাংধরা ইউপি ঃ<br>ডাংধরা ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, সভাস্থ সকলকে ছালাম ও শুভেচ্ছা জানান। তিনি জানান যে, তাঁর ইউনিয়নের টোক মাথা বাজারের পাশে একটি সোয়েটার ফ্যাক্টরী নির্মাণের কাজ চলমান রয়েছে। সেখানে অনেক বেকার যুব ও যুব মহিলার কর্মসংস্থানের ব্যবস্থা করা হবে। কুমারের চর এবং কদমতলা নতুন বাজার হয়েছে। বাজার উন্নয়ন ব্যবস্থা প্রয়োজন। পুরাতন ইউপি ভবন জরাজীর্ন। সংস্কার/মেরামত অথবা নতুন ভবন নির্মাণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর উপহার নতুন ঘর । সেখানে অনেক সময় সুপেয় পানির সমস্যা। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৬) | চেয়ারম্যান চরআমখাওয়া ইউপি ঃ<br>নবাগত চরআমখাওয়া ইউপি চেয়ারম্যান সভায় সকলকে ছালাম ও শুভেচ্ছা জানিয়ে বলেন যে, তাঁর ইউনিয়নে আইন শৃংখলা পরিস্থিতি ভালো। সকল উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। সানন্দবাড়ী বাজারের পাশে একটি পুকুর রয়েছে। পুকুরটি ভরাট করা হলে বাজারের পরিসর বৃদ্ধি পাবে। বাজারাটি আর্থিকভাবে লাভবান হবে। বাজারের ভিতর চুরি ডাকাতি রোধকল্পে সিসি ক্যামেরা স্থাপন প্রয়োজন। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | উন্নয়নমুলক কার্যক্রম ভালোভাবে সকলের সহযোগিতায় বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ২৭) | চেয়ারম্যান পাররামরামপুর ইউপি ঃ<br>চেয়ারম্যান, পাররামরামপুর ইউপি জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম ভালোভবে চলছে। কোভিড-১৯ রোধকল্পে জনগণকে ভ্যাকসিন প্রদানের জন্য প্রয়োজনীয় কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। এছাড়াও মাস্ক পড়ে চলাচল করার জন্য অনুরোধ করা হয়। উন্নয়নমূলক কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ২৮) | চেয়ারম্যান হাতীভাংগা ইউপি ঃ<br>নবাগত হাতীভাংগা ইউপি চেয়ারম্যান, সভায় সকলকে শুভেচ্ছা জানান। তিনি তাঁর ইউনিয়নে বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা যারা পেয়েছেন তাদের মধ্যে অনেকেই এখন ভাতা পাচ্ছেন না। এ ব্যাপারে উপজেলা সমাজসেবা অফিসারের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। জনসাধারণের সেবা প্রদানে ও উন্নয়নমুলক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে বক্তব্য শেষ করেন। | রাস্তা-ঘাট মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্তগ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ২৯) | চেয়ারম্যান চিকাজানী ইউপি ঃ<br>চিকাজানী ইউপি চেয়ারম্যান জানান যে, মন্ডল বাজারের পিছনে রাস্তা ভেংগে যাওয়ার কারণে জনসাধারণের চলাচলে অসুবিধার সৃষ্টি হচ্ছে। মালামাল পরিবহনে অসুবিধার সৃষ্টি হচ্ছে। রাস্তাটি মেরামত/সংস্কার প্রয়োজন। সভাস্থ সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩০) | চেয়ারম্যান বাহাদুরাবাদ ইউপি ঃ<br>বাহাদুরাবাদ ইউপি চেয়ারম্যান সভায় সকলকে শুভেচ্ছা জানান। তিনি কলাকান্দা মোড় হতে শাহাজাদপুর পর্যন্ত রাস্তাটি অর্ধেক কাজ করা হয়েছে। রাস্তাটি জনগনের চলাচলের ও পরিবহন সুবিধার্থে খুব শীঘ্রই রাস্তাটি সংস্কার/মেরামত বিষয়ে সভায় আলোচনা করা হয়। এছাড়াও বিধবা ভাতা কিছু নাম MIS এর অন্তর্ভূক্ত করা হলেও অদ্যবধি ভাতা প্রাপ্য হয়নি। বিষয়টি সমাজসেবা অফিসারের মাধ্যমে তদারকির বিষয়ে অনুরোধ করেন। সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। | উল্লিখিত বিষয়গুলোর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৩১) | চেয়ারম্যান চুকাইবাড়ী ইউপি ঃ<br>চুকাইবাড়ী ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী মুজিব শত বর্ষের বিভিন্ন অনুষ্ঠান পালন করেছেন। ১৯৭০ সনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলকারচর ঘাট দিয়ে বালাসী গিয়েছিলেন। সেখানে একটি বাড়িতে চেয়ারে বসেছিলেন। চেয়ারটি বাড়ির লোকজন সংরক্ষণ করে রেখেছেন। চেয়ারটি কউকে ব্যবহার করতে দেয়া হয়নি। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৩০/৬/১৯৭৩ সালে এ,কে, মেমোরিয়াল কলেজে এসেছিলেন। সেখানে তিনি পরিদর্শন বইয়ে স্বাক্ষর করেছিলেন। তিনি এ,কে, মেমোরিয়াল কলেজের সামনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর নামে একটি ফলক নির্মাণের জন্য অনুরোধ করেন। টিনের চর বিদ্যুৎ ব্যবস্থা নেই । জনগণের দুর্ভোগের সৃষ্টি হচ্ছে। তিনি এ বিষয়ে পল্লী বিদ্যুতের সহযোগিতা কামনা করেন। অত্র উপজেলায় কোন ক্রীড়া সংস্থা কোন ভবন নেই। নতুন ভবন নির্মাণ করা যায় কিনা অনুরোধ করেন। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ৩২) | চেয়ারম্যান দেওয়ানগঞ্জ ইউপি ঃ<br>দেওয়ানগঞ্জ ইউপি চেয়ারম্যান জানান যে তাঁর ইউনিয়নে উন্নয়নমূলক কাজসহ রাস্তা ঘাট মেরামত/সংস্কার কাজ চলমান রয়েছে। ০১ নং ও ০২ নং ওয়ার্ডে কোরোনা ভাইরাস প্রতিরোধ কল্পে টিকা প্রদান করা হয়েছে। ০৩ নং ওয়ার্ডে এখনও টিকা প্রদান করা হয়নি। এছাড়াও গ্রাম পুলিশ নিয়োগের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | করোনা ভাইরাস প্রতিরোধে খুব শীঘ্রই টিকা প্রদান কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৩) | মেয়র ঃ<br>মেয়র দেওয়ানগঞ্জ পৌরসভা সভায় জানান যে, পৌরসভার সকল কার্যক্রম ভালোভাবে চলমান রয়েছে। পৌরসভার অভ্যন্তরে অনেক গরীব অসহায় জনগণ বসবাস করে। তাদের জন্য "জমি আছে ঘর নাই" এ রকম বরাদ্দ দেয়া যায় কিনা সভায় আলোচনা করেন। চিকাজানী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনেক ছাত্র/ছাত্রী লেখাপড়া করে। ছাত্র/ছাত্রীরা যেন সুন্দরভাবে বসে বিদ্যালয়ে পাঠদান করতে পারে সে ব্যাপারে দ্রুত ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুরোধ করেন। সকল কার্যক্রমে দেওয়ানগঞ্জ পৌরসভা সর্বাত্নক সহযোগিতা করবেন। সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। | দেওয়ানগঞ্জ পৌরসভার সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৪) | মাননীয় এমপি মহোদয় প্রতিনিধি ঃ<br>মাননীয় এমপি মহোদয় প্রতিনিধি জনাব বিকাশ কবির ইমরান, মাননীয় এমপি মহোদয় জনাব আবুল কালাম আজাদ এঁর পক্ষ হতে নব নির্বাচিত ইউপি চেয়ারম্যানগণকে ও সভায় সকলকে শুভেচ্ছা জানান। তিনি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীর সংকট এর বিষয়ে আলোচনা করেন। রোগীরা প্রয়োজনীয় সেবা পাচ্ছেন। আরও যেন ভালোভাবে আন্তরিকতার সাথে ডাক্তারগণ সেবা প্রদান করেন এবং জটিল কোন বিষয় ছাড়া কোন রোগীকে যেন জামালপুর না পাঠানো হয় সেজন্য দৃষ্টি দেয়ার জন্য অনুরোধ জানান। বন্যার সময় বিভিন্ন জায়গায় বিভিন্ন রাস্তা ঘাট ভেংগে গিয়ে জনগণের চলাচলে অসুবিধার সৃষ্টি হয়। উপজেলা প্রকৌশলীর মাধ্যমে রাস্তা ঘাট আরও ভালোভাবে সংস্কার/মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। থানার সামনে একটি কাঠের ব্রীজ রয়েছে। তার পাশ দিয়ে অন্য একটি ব্রীজ নির্মাণ করা হলে সৌন্দর্য নষ্ট হয়ে যাওয়ার আশংকা রয়েছে। অন্য দিক দিয়ে ব্রীজ নির্মাণ করা যায় কিনা অনুরেধ করেন। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর নামে এ,কে মেমোরিয়াল কলেজে নাম ফলক নির্মাণের বিষয়ে অনুরোধ জানান। এছাড়াও মাননীয় এমপি মহোদয় জনাব আবুল কালাম আজাদ এঁর নামে নবনির্মিত প্রশাসনিক ভবনের অডিটরিয়াম হলরুম নামকরনের জন্যও অনুরোধ জানিয়ে বক্তব্য শেষ করেন। | উন্নয়নমূলকসহ বিভিন্ন বিভাগীয় কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৫) | ভাইস চেয়ারম্যান ঃ<br>ভাইস চেয়ারম্যান সভাস্থ সকলকে এবং নব নির্বাচিত ইউপি চেয়ারম্যানগণকে শুভেচ্ছা জানান। ডাংধরা ইউপি চেয়ারম্যানকে তাঁর ইউনিয়নে একটি সোয়েটার ফ্যাক্টরী নির্মাণের সুন্দর উদ্যোগ গ্রহণের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। বিভিন্ন জায়গায় এমপিগণ বিভিন্ন রাস্তা বা ভবনের নামকরণ করেন। কিন্তু মাননীয় এমপি মহোদয় নিজের নামে কোন রাস্তা বা ভবনের নাম করণ করেন না। তাই নৌ টার্মিনালটি জনাব আবুল কালাম আজাদ লঞ্চ নৌ টার্মিনাল করার জন্য সভায় অনুরোধ জানান। অত্র উপজেলায় সরকারি নির্দেশনা মোতাবেক বিভিন্ন অনুষ্ঠান পরিচালিত হয়। তাই নিজস্ব লোকবল দিয়ে অনুষ্ঠানগুলো সঞ্চালন ও পরিচালনা করা যায় কিনা এ বিষয়ে সভায় আলোচনা করেন। দেওয়ানগঞ্জ বাজারের ভিতর রাস্তা প্রশস্ত নয়। বড় একটি ট্রাক বাজারের ভিতর ঢুকলে যানজটের সৃষ্টি হয়। তাই এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | সকল কার্যক্রম সকলের সহযোগিতায় ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৬) | ভাইস চেয়ারম্যান (মহিলা) ঃ<br>ভাইস চেয়ারম্যান (মহিলা), নবাগত ইউপি চেয়ারম্যানগণকে অভিনন্দন ও শুভেচ্ছা জানান। তিনি জানান পাররামরামপর ০৫ নং ওয়ার্ডে কিছু মানুষকে কুকুর কামড় দিয়েছে। উপজেলা প্রাণি সম্পদ দপ্তরের মাধ্যমে ভ্যাকসিন প্রদানের জন্য অনুরোধ জানান। একটি স্কুলে ০৭ টি ল্যাপটপ প্রদান করা হয়েছে কিনা তা উপজেলা শিক্ষা অফিসারের মাধ্যমে অবহিত করার জন্য অনুরোধ করেন। এছাড়াও বীর মুক্তিযোদ্ধাগণের নামে বিভিন্ন রাস্তা নামকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ করেন। সভাস্থ সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | আলোচনান্তে বীর মুক্তিযোদ্ধাগণের নামে বিভিন্ন রাস্তা নামকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের বিষয়ে বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৭) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ঃ<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয় সভায় নতুন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে শুভেচ্ছা জানান। দেওয়ানগঞ্জ উপজেলার উন্নয়নের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় তিনি সর্বদা কাজ করে যাচ্ছেন। সভায় বিভিন্ন বিভাগীয় কর্মকর্তাগণ এবং ইউপি চেয়ারম্যানগণ কার্যক্রম নিয়ে আলোচনা করেছেন। হাতীভাংগা ইউনিয়নের সবুজপুর রাস্তা এবং চিকাজানী ইউনিয়নের মন্ডলবাজার রাস্তা সংস্কার/মেরামত বিষয়ে সংশ্লিষ্ট জায়গায় কথা বলেছেন। খুব শীঘ্রই কার্যক্রম বাস্তবায়ন হবে। অবশেষে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার শারীরিক সুস্থ্যতার জন্য দোয়া কামনা করে, মাননীয় এমপি মহোদয় জনাব আবুল কালাম আজাদ এঁর জন্য দোয়া চেয়ে এবং সভায় উপস্থিত সকলের সুস্থ্যতা ও শুভেচ্ছা জানিয়ে বক্তব্য শেষ করেন। | সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় বিভাগীয় ও উন্নয়নমূলক কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৮) | এপ্রিল/২২ খ্রি. মাসের চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস চেয়ারম্যানগণ এর ভ্রমণভাতা বিল উপস্থাপন করা হয়। এপ্রিল/২২খ্রি. মাসে চেয়ারম্যান, উপজেলা পরিষদ =১১,২৫০/- (এগার হাজার দুইশত পঞ্চাশ) টাকা এবং ভাইস চেয়ারম্যান=৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) এবং ভাইস চেয়ারম্যান (মহিলা) =৭,৫০০/-(সাত হাজার পাঁচশত) টাকা অনুমোদনের জন্য আলোচনা করা হয়। | এপ্রিল/২২ মাসের ভ্রমনভাতা বিল সর্বমোট =২৬,২৫০/- (ছাব্বিশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা অনুমোদিত ও গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ৩৯) | ভোক্তা অধিকার বিষয়ে আলোচনা<br>ক) উপজেলা পর্যায়ে পাইকারি ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানসহ ভোক্তাদের ব্যবহারের জন্য বিভিন্ন পণ্য উৎপাদন এবং বিপনন বিষয়ে আলোচনা করা হয়।<br>খ) ভোক্তা অধিকার বিষয়ে ও ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ আরো অধিকতর প্রচারের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচার কার্যক্রম পরিচালনা করা যেমন- লিফলেট, প্যাম্পলেট, পোস্টার টাংগানো, সভা, সেমিনার, সিম্পোজিয়াম ইত্যাদি কর্মশালা আয়োজন করা প্রয়োজন। | ক) পাইকারি ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানসহ ভোক্তাদের ব্যবহারের জন্য বিভিন্ন পণ্য উৎপাদন, বিপনন প্রতিষ্ঠানসমূহ তদারকির সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) নাগরিকদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষে সকল কার্যক্রম পরিচালনা করা যেমন- লিফলেট, প্যাম্পলেট, পোস্টার লাগানো, সভা, সেমিনার ও কর্মশালা ইত্যাদি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/<br>উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি |
| ৪০) | হাট বাজার সংক্রান্ত ঃ<br>দেওয়ানগঞ্জ উপজেলা পরিষদের ১৩ টি হাট বাজার ১৪২৯ বঙ্গাব্দে ইজারা প্রদানের জন্য বিজ্ঞপ্তি প্রদান করা হলে সর্বশেষ ৩১/৩/২০২২ খ্রি. তারিখে অত্র উপজেলার ১৩ টি হাট বাজারের মধ্যে ১১ টি হাট বাজার দরপত্র প্রাথমিকভাবে হাট-বাজর ইজারা মূল্যায়ন কমিটি অনুমোদন করেন এবং অধিকাংশ হাটের টাকা ইজারাদারগণ পরিশোধ করেছেন। যে সকল হাট বাজারের টাকা ইজারাদারগণ এখনো পরিশোধ করেননি তাদেরকে নির্ধারিত তারিখের মধ্যে হাটের সাকুল্য টাকা পরিশোধের জন্য অনুরোধ করা হয়। অন্যথায় হাটের সাকুল্য টাকা পরিশোধে ব্যর্থ হলে তাদের জামানত বাজেয়াপ্ত হবে এবং পুনরায় ইজারা প্রদান করা হবে। অবশিষ্ট ০২ টি হাটের ইজারা না হওয়ায় খাস আদায় কমিটির মাধ্যমে আদায় কার্যক্রম চলমান রয়েছে। | ইজারাদারগণ নির্ধারিত তারিখের মধ্যে হাটের সাকুল্য টাকা পরিশোধে ব্যর্থ হলে তাদের জামানত বাজেয়াপ্ত এবং হাট পুনরায় ইজারা প্রদান করা হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৪১) | গ্রাম পুলিশ নিয়োগ ঃ<br>গ্রাম পুলিশ নিয়োগের বিষয়ে অত্র কার্যালয় হতে গত ০২/৯/২০১৯ খ্রি. তারিখ বিজ্ঞপ্তি প্রদান করা হয় এবং স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর ০৬ মে ২০১৫ ২য় অধ্যায় ০৮ নং অনুচ্ছেদ মোতাবেক ০৫ সদস্য বিশিষ্ট নিয়োগ বাছাই কমিটি গঠন করা হয়। কিন্তু দীর্ঘদিন অতিবাহিত হওয়ার পরও গ্রাম পুলিশ নিয়োগের বিষয়ে উক্ত কমিটি কোন সিদ্ধান্ত প্রদান করেনি। বিধায় গ্রাম পুলিশ নিয়োগের বিষয়ে কোন সিদ্ধান্ত গ্রহণ করা যায়নি। এ বিষয়ে উল্লেখ্য যে, ইতোমধ্যে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক গ্রাম পুলিশ নতুন নিয়োগ কমিটি গঠন করা হয়েছে। এমতাবস্থায়, নতুন নিয়োগ কমিটির আলোকে পুনরায় বিজ্ঞপ্তি প্রদান করা যায় এবং ইতোপূর্বে যারা আবেদন করেছিলেন তাদের আবেদনগুলো বহাল রাখা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে গ্রাম পুলিশ নতুন নিয়োগ কমিটির আলোকে পুনরায় বিজ্ঞপ্তি প্রদান এবং ইতোপূর্বে যারা আবেদন করেছিলেন তাদের আবেদনগুলো বহাল রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৪২) | বিবিধ ঃ<br>ক) বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালিকা (অনুর্ধ-১৭) উপলক্ষে ক্রীড়া সামগ্রী ক্রয় বাবদ=১৪,১১০/- (চৌদ্দ হাজার একশত দশ) টাকা এবং ডেকোরেশন বাবদ=১০,০০০/- (দশ হাজার) টাকা, সর্বমোট =২৪,১১০/- (চব্বিশ হাজার একশত দশ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের বিষয়ে আলোচনা করা হয়।<br>খ) পবিত্র ঈদ উল ফিতর/২২ উপলক্ষে ইমামগণের সম্মানী বাবদ=১০,০০০/- (দশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।<br>গ) পবিত্র ঈদ উল ফিতর/২২ উপলক্ষে ০১/৫/২০২২ খ্রি. তারিখ হতে ০৫/৫/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ০৫ (পাঁচ) দিন প্রতি রাতে ০৩ (তিন) জন করে মোট ১৫ (পনের) জন আনসার উপজেলা পরিষদের অভ্যন্তরে বিভিন্ন স্থাপনা পাহারা বিল বাবদ =৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা করে সর্বমোট=৪৫০x১৫=৬,৭৫০/- (ছয় হাজার সাতশত পঞ্চাশ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>ঘ) ০৭ নং চুকাইবাড়ী ইউনিয়ন গ্রাম পুলিশ পদে মোঃ তছলিম উদ্দিন, পিতা- মৃত তুফানু শেখ, মাতা- মৃত তছি বেগম, গ্রাম- বাদেশশারিয়াবাড়ী দক্ষিণ, ডাকঘর-দেওয়ানগঞ্জ, ওয়ার্ড নং-০৬, ইউনিয়ন-চুকাইবাড়ী, দেওয়ানগঞ্জ, জামালপুর ১৯/৩/১৯৯১ ইং তারিখ চাকুরিতে যোগদান করেন। তিনি গত ১৮/৩/২০২২ খ্রি. তারিখ অবসর গ্রহণ করেন। অবসর পরবর্তী ইউনিয়ন পরিষদ হতে =২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা এবং সরকারি বাবদ=২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা। সর্বমোট=৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে সরকারি অংশের =২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>ঙ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ফেব্রুয়ারি ২০২০, ৩(জ) মূলে আপ্যায়ন ব্যয়, উপজেলা পরিষদ সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানগণ এবং উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য আপ্যায়ন বাবদ মাসিক সর্বোচ্চ =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ও সরকারি ক্রয় সংক্রান্ত বিধি-বিধান/নির্দেশাবলী অনুসরণপূর্বক পরিষদের জন্য অফিস সামগ্রী ও ষ্টেশনারি দ্রব্যাদি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ক্রয় করা যাবে। তবে এখাতে মাসিক সর্বোচ্চ =৫,০০০/- (পাঁচ হাজার) টাকার বেশী ব্যয় করা যাবেনা। এ বিষয়ে আলোচনা করা হয়। | ক) আলোচনান্তে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালিকা (অনুর্ধ-১৭) উপলক্ষে ক্রীড়া সামগ্রী ক্রয় ও ডেকোরেশন বাবদ =২৪,১১০/- (চব্বিশ হাজার একশত দশ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) পবিত্র ঈদ উল ফিতর/২২ উপলক্ষে ইমামগণের সম্মানী বাবদ=১০,০০০/- (দশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) পবিত্র ঈদ উল ফিতর/২২ উপলক্ষে ০১/৫/২০২২ খ্রি. তারিখ হতে ০৫/৫/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ০৫ (পাঁচ) দিন মোট ১০ (দশ) জন আনসার এর পাহারা বিল বাবদ সর্বমোট=৬,৭৫০/- (ছয় হাজার সাতশত পঞ্চাশ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঘ) উল্লিখিত গ্রাম পুলিশের অবসরভাতা বাবদ =২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br>ঙ) উল্লিখিত ব্যয় বাবদ =৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার<br>খ) চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার<br>গ) চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার<br>ঘ) চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার<br>ঙ) চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |

অতপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করা হয়।

১৮/০৪/২০২২

মোঃ সোলায়মান হোসেন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দেওয়ানগঞ্জ, জামালপুর
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা

স্মারক নং-উঃনিঃঅঃ/দেওয়ান/উঃপঃসঃ/ ২৫৪ (৪০)

তারিখ ঃ ১৮/৪/২০২২ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১) সিনিয়র সচিব, স্হানীয় সরকার বিভাগ, স্হানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) জেলা প্রশাসক, জামালপুর।
৩) উপজেলা ......................................অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর।
৪) চেয়ারম্যান......................................ইউনিয়ন পরিষদ (সকল), দেওয়ানগঞ্জ, জামালপুর।
৫) অফিস কপি।

১৮/৪/২২

কামরুন্নাহার শেফা
উপজেলা নির্বাহী অফিসার
দেওয়ানগঞ্জ, জামালপুর।